

এই কথাটি মনে রেখো, তোমাদের এই হাসিখেলায়
আমি যে গান গেয়েছিলেম জীর্ণ পাতা ঝরার বেলায় ।
শুকনো ঘাসে শূন্য বনে আপন-মনে অনাদরে অবহেলায়
আমি যে গান গেয়েছিলেম জীর্ণ পাতা ঝরার বেলায় ॥
দিনের পথিক মনে রেখো, আমি চলেছিলেম রাতে সন্ধ্যাপ্রদীপ নিয়ে হাতে ।
যখন আমায় ও-পার থেকে গেল ডেকে ভেসেছিলেম ভাঙা ভেলায় ।
আমি যে গান গেয়েছিলেম জীর্ণ পাতা ঝরার বেলায় ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Khambaj

Visit www.geetabitan.com for notation and other detail